অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঐতিহাসিক ফোর্ট ডে লা প্রেজেন্টেশনকে ভবিষ্যতে বন্যার ঘটনা থেকে রক্ষায় REDI প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন

REDI সেন্ট লরেন্স কাউন্টির সিটি অফ ওগডেন্সবার্গে অবস্থিত ঐতিহাসিক সাইটের বন্যার বিরুদ্ধে টেকসইতা বাড়াতে ফোর্ট অ্যাসোসিয়েশনকে 1.3 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে

তীররেখা রক্ষা করার জন্য বাড়তি প্রচেষ্টা অব্যাহত আছে

স্টেটের 300 মিলিয়ন মার্কিন ডলার স্থিতিশীলতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে সেন্ট লরেন্স কাউন্টির ফোর্ট ডে লা প্রেজেন্টেশন অ্যাসোসিয়েশনকে দেওয়া 1.3 মিলিয়ন মার্কিন ডলারের তীররেখা স্থিতিশীলকরণ এবং ট্রেইল উন্নতকরণ প্রকল্পের কাজ সমাপ্তির ঘোষণা করেছেন, যা স্টেটের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগ (Resiliency and Economic Development Initiative (REDI) এর মাধ্যমে অর্থায়ন করা হয়েছে। ফোর্ট ডে লা প্রেজেন্টেশন সাইট, যা সিটি অফ ওগডেন্সবার্গে অবস্থিত, এক সময়ে আমেরিকান, কানাডিয়ান, নেটিভ আমেরিকান, ফ্রেঞ্চ এবং ব্রিটিশ জনগণ কর্তৃক উপাসনা, ব্যবসা এবং যুদ্ধের সময়ে আশ্রয় হিসাবে ব্যবহৃত হত। সাইটটি এখন 1812 সালের যুদ্ধের সময়ে দ্য ব্যাটল অফ ওগডেন্সবার্গের স্মরণীয় ঘটনাগুলির মিলিটারি পুনরাভিনয় এবং সম্প্রদায়ের বিনোদনের জন্য ব্যবহৃত হয়। সেন্ট লরেন্স নদীর তীরে অসওয়েগাচি নদীর মোহনায় অবস্থিত সাইটটি মারাত্মক ক্ষয় এবং বন্যার সম্মুখীন হয়েছে। REDI বিনিয়োগের সমর্থনে অ্যাসোসিয়েশন বন্যায় ক্ষতিগ্রস্ত তীররেখা এবং ট্রেইল আরও টেকসই নকশায় পুনর্নির্মাণ করেছে যাতে ভবিষ্যতের ক্ষয়ক্ষতি প্রশমন করা যায় এবং সম্প্রসারিত বন্যপ্রাণী আবাসন প্রদানের পাশাপাশি সাইটের ঐতিহাসিক এবং প্রাকৃতিক সৌন্দর্য বজায় রাখা যায়। বাড়তি তীররেখা এবং ট্রেইলের কাজ বসন্তে চলবে।

"লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর তীরের আরও অনেক সম্প্রদায়ের মত, সিটি অফ ওগডেন্সবার্গও মারাত্মক বন্যার ক্ষয়ক্ষতির সাথে পরিচিত এবং তাই নিউ ইয়র্ক স্টেটের REDI প্রচেষ্টা সম্প্রদায়গুলিকে আগের চেয়ে ভালোভাবে, স্মার্ট ভাবে এবং আরও টেকসইভাবে পুনর্নির্মাণ করার জন্য সহায়তা করতে ঐতিহাসিক বিনিয়োগের মাধ্যমে পথ প্রদর্শন করে চলেছে," **গভর্নর হোকল বলেন।** "সিটি অফ ওগডেন্সবার্গের ফোর্ট ডে লা প্রেজেন্টেশন প্রকল্প

বন্যা প্রশমন করতে সহায়তা করবে এবং ক্ষয় প্রতিরোধ করবে, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই ঐতিহাসিক রত্নকে বহাল রাখতে সহায়তা করবে পাশাপাশি স্থানীয় বন্যপ্রাণী আবাসস্থল বৃদ্ধি করবে।"

ভবিষ্যতের উচ্চ পানির ঘটনা থেকে ফোর্ট ডে লা প্রেজেন্টেশন সাইটকে রক্ষা করার জন্য প্রকল্পে অন্তর্ভুক্ত ছিলঃ

- লাইভ স্টেক এবং টো-উড/ টো-রক সহ রিপর‍্যাপ বসানর মাধ্যমে অসওয়েগাচি নদীর তীররেখা স্থিতিশীলকরণ;
- মাটি ভরাট, নদীতে নামার জন্য প্রাকৃতিক পাথরের স্ল্যাব স্টেপ এবং তীররেখা বরাবর স্থানীয় গাছ লাগানোর মাধ্যমে সেন্ট লরেন্স নদীর তীররেখা স্থিতিশীলকরণ; এবং
- অ্যাবি পিকেট ট্রেইলের একটি অংশকে বন্যার উচ্চতার চেয়ে উঁচু করা এবং দর্শনার্থীদের প্রবেশ উন্নত করতে সেন্ট লরেন্স নদীর তীররেখায় একটি নতুন টেকসই ওভারলুক ডেক প্লাটফর্ম তৈরি করা।

স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসেইড বলেন, "আই আকর্ষণীয় টেকসইতা এবং ঐতিহাসিক সংরক্ষণ প্রকল্প সম্পন্ন করার জন্য আমি ফোর্ট ডে লা প্রেজেন্টেশন অ্যাসোসিয়েশনকে অভিনন্দন জানাই। নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) ভবিষ্যতের বন্যা থেকে এই ঐতিহাসিক নিদর্শনকে আরও সুরক্ষিত করার পাশাপাশি দর্শনার্থীদের অভিজ্ঞতা উন্নয়নে অ্যাসোসিয়েশনের সাথে কাজ করতে পেরে আনন্দিত ছিল।"

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation) কমিশনার এবং REDI কমিশনের সহ-সভাপতি বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের REDI বিনিয়োগ সিটি অফ ওগডেন্সবার্গের মত বন্যা কবলিত তীররেখার সম্প্রদায়কে আমাদের পরিবর্তনরত জলবায়ুর কারণে সৃষ্ট ভয়াবহ ঝড় এবং জলোচ্ছ্বাসের ধ্বংসের পর আরও ভালোভাবে পুনর্নির্মাণ করার জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং সম্পদ সরবরাহ করছে। ফোর্ট ডে লা প্রেজেন্টেশন সাইটের তীররেখা স্থিতিশীলকরণ এবং ট্রেইলের উন্নয়ন এই ঐতিহাসিক সম্পদকে ভবিষ্যতের বন্যা থেকে রক্ষা করবে এবং নিশ্চিত করবে যে এটি ভবিষ্যতে দর্শনার্থীদের প্রজন্মকে আকৃষ্ট করা অব্যাহত রাখবে।"

ডরমিটরি অথরিটি অব নিউ ইয়র্ক স্টেট (Dormitory Authority of New York State) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রুবেন ম্যাকড্যানিয়েল III বলেন, "ফোর্ট ডে লা প্রেজেন্টেশন সাইটের মত ঐতিহাসিক সম্পদকে উল্লেখযোগ্য জলবায়ুর ক্ষতি থেকে রক্ষা করার জন্য গভর্নর হোকলেড় লক্ষ্যকে সমর্থন করতে পেরে DASNY গর্বিত।এই বিনিয়োগ, এবং এখানে সম্পন্ন হওয়া কাজ এই অনন্য প্রাকৃতিক, ঐতিহাসিক, এবং সাংস্কৃতিক নিদর্শনকে নিউ ইয়র্কবাসী, এবং সিটি অফ ওগডেন্সবার্গের বাসিন্দাদের উপভোগের জন্য সুদূর ভবিষ্যৎ পর্যন্ত সংরক্ষণ করতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority, NYPA) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিসকোল বলেন, "ফোর্ট ডে লা প্রেজেন্টেশন অ্যাসোসিয়েশনের তীররেখা সংস্কার এবং ট্রেইলের উন্নয়ন সেন্ট লরেন্স কাউন্টির ট্যুরিজমে এবং পাশাপাশি যারা ঐএলাকায় বসবাস এবং কাজ করেন তাদের জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ।REDI কমিশনের প্রকল্প সম্পন্ন হওয়ার মাধ্যমে, ফোর্ট ডে লা প্রেজেন্টেশন অ্যাসোসিয়েশনের তীররেখা এবং ট্রেইল আরও শক্তিশালী, নিরাপদ, আরও সুন্দর হবে এবং ভবিষ্যতের সম্ভাব্য বন্যার আরও ভালোভাবে মোকাবেলা করতে পারবে। এই প্রকল্পটি তীররেখা পুনর্বাসন এবং নর্থ কান্ট্রির সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করার জন্য REDI কমিশনের প্রতিশ্রুতির প্রমাণ।

সিনেটর প্যাটি রিচি বলেন, "ফোর্ট ডে লা প্রেজেন্টেশন আমাদের ইতিহাসের অংশ, যার ফলে একে সংরক্ষণ এবং রক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাম্প্রতিক বছরগুলিতে, আমরা দেখেছি যে রেকর্ড উচ্চতার পানি ফোর্টের সম্পত্তিতে প্রবেশ করেছে। এই প্রকল্পের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে ভবিষ্যতে বন্যার সম্মুখীন হলে এটি আরও টেকসই হবে এবং পাশাপাশি বিভিন্ন সম্প্রসারণ যোগ করছি যা মানুষকে প্রজন্মের পর প্রজন্ম ধরেএই ঐতিহাসিক সাইটকে আরও ভালোভাবে উপভোগ করার সুযোগ দেবে।"

অ্যাসেম্বলিম্যান মার্ক ওয়ালজিক বলেন, "আমেরিকার সামনের উঠানের তীররেখা সংরক্ষণে অব্যাহত বিনিয়োগ দেখতে পেরে আমি আনন্দিত - বিশেষ করে সিটি অফ ওগডেন্সবার্গের ফোর্ট ডে লা প্রেজেন্টেশন ইন্টারপ্রেটিভ ট্রেইলে। মেপল সিটির সমৃদ্ধ ইতিহাস সেন্ট লরেঞ্জ এবং অসওয়েগাচি নদীর মোহনায় এই অনন্য পার্কে মিলিত হয় যেখানে দর্শনার্থী এবং বাসিন্দারা হাঁটা, শেখা, পিকনিক করা, এবং দর্শনীয় স্থান দেখা উপভোগ করতে পারে। পার্কের রক্ষায় তীররেখা শক্তিশালী করা গুরুত্বপূর্ণ এবং আমি এই প্রকল্পটি সম্পাদন হওয়া পর্যন্ত তত্ত্বাবধান করার জন্য PARKS এর প্রশংসা করছি।"

সেন্ট লরেন্স কাউন্টির চেয়ারম্যান উইলিয়াম শেরিডান বলেন, "আরও ভালোভাবে পুনর্নির্মাণের একটি প্রশংসাযোগ্য প্রচেষ্টার সাথে তীররেখার সম্প্রদায়গুলিকে সহায়তা করার জন্য সেন্ট লরেন্স কাউন্টি গভর্নর হোকলের কাছে কৃতজ্ঞ। এই অবকাঠামো বিনিয়োগগুলির মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট এই অঞ্চলের ট্যুরিজম শিল্প বহাল রাখা নিশ্চিত করছে। ফোর্ট ডে লা প্রেজেন্টেশন ঐতিহাসিক সাইট সম্প্রদায়ের সদস্যদের জন্য একটি সম্পদস্বরূপ এবং স্টেট এবং কানাডা থেকে আসা দর্শনার্থীদের জন্য একটি প্রিয় গন্তব্য, এবং আমরা এই গুরুত্বপূর্ণ প্রকল্প শেষ হতে দেখে আনন্দিত।"

ফোর্ট ডে লা প্রেজেন্টেশন অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট বারবারা ও'কিফ বলেন, "গভর্নর হোকলের সমর্থন, নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব এবং স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগের মাধ্যমে, ফোর্ট অ্যাসোসিয়েশন সেন্ট লরেন্স এবং অসওয়েগাচি নদীর তীররেখা স্থিতিশীল করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সক্ষম হয় এবং অ্যাবি পিকেট ট্রেইলের মেরামত এবং সম্প্রসারণ করে, যা নিশ্চিত করে যে ফোর্ট ডে লা প্রেজেন্টেশন সম্প্রদায়ের জনগোষ্ঠী এবং দর্শনার্থীদের জন্য খোলা থাকবে, পাশাপাশি ভবিষ্যত প্রজন্মের জন্য ঐতিহাসিক স্থানের স্টেট ও জাতীয় নথিতে (State and National Registers of Historic Places)

স্থানপ্রাপ্ত নিদর্শনটিকে সংরক্ষণ করে। REDI টিমের সমর্থনে এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনকে (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) এর নির্দেশনায় আমরা এই প্রকল্পটি সময়ের আগেই শেষ করতে পেরেছি এবং সাইটের আপগ্রেডগুলি জনসাধারণের সাথে ভাগাভাগি করতে আমরা উন্মুখ।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI কমিশন বাড়ির মালিকদের সহায়তার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার, ব্যবসায়ের রেসিলিয়েন্সির জন্য 30 মিলিয়ন মার্কিন ডলার এবং আঞ্চলিক ড্রেজিংয়ের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে যা REDI এর আটটি কাউন্টির প্রত্যেকটির উপকার করবে। অবশিষ্ট 235 মিলিয়ন মার্কিন ডলার, স্থানীয় এবং আঞ্চলিক প্রকল্পগুলির জন্য বরাদ্দ করা হয়েছে যা REDI মিশনের দৃষ্টান্ত এবং এটিকে অগ্রসর করে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রোগ্রাম তৈরি হওয়ার সময় থেকে, REDI এর অর্থায়নে 134টি স্থানীয় ও আঞ্চলিক প্রকল্প পরিচালিত হচ্ছে, যার মধ্যে 85টি প্রকল্প নকশা প্রণয়নের পর্যায়ে রয়েছে, 21টি প্রকল্পের নির্মাণকাজ চলছে, এবং 28-টি প্রকল্পের কাজ সম্পূর্ণ হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন